চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

২২ জুলাই ২০১৭ খ্রি.

নির্মাণাধীন মেরিনার্স রোড ও ৪টি ব্রিজ সরেজমিনে দেখতে গেলেন মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

সিটি গভর্নেন্স প্রকল্পের আওতায় জাইকার অর্থায়নে প্রায় ১৬ কোটি টাকা ব্যয়ে ফিরিঙ্গীবাজার থেকে শাহআমানত ব্রিজ পর্যন্ত ১.১৩ কিলোমিটার সড়ক, ৬০ মিটার স্পেনের চাক্তাই পিসি গ্রিডার ব্রিজ, ২০ মিটার স্পেনের ফিসারীঘাট পিসি গ্রিডার ব্রিজ, ২০ মিটার স্পেনের জলিলগঞ্জ পিসি গ্রিডার ব্রিজ, ২০ মিটার স্পেনের টেকপাড়া পিসি গ্রিডার ব্রিজ নির্মাণ করছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। উন্নয়নের ক্ষেত্রে দক্ষিণ চট্টগ্রামের সাথে সরাসরি যোগাযোগের এই রোড ও ব্রিজ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। ২২ জুলাই ২০১৭ খ্রি. সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন উল্লেখিত ব্রিজ ও সড়ক এর নির্মাণ কাজ সরাসরি দেখতে যান। তিনি পুরাতন মেরিনার্স রোডের ক্ষতিগ্রস্ত অংশ মেরামত কাজও পরিদর্শন করেন। মেয়র চাক্তাই খালে ব্রিজ নির্মাণের কারণে পণ্যবাহী নৌকা ১ মাসের জন্য চলাচল নিয়ন্ত্রণ করার পরামর্শ দেন। ব্রিজ নির্মাণ কাজের কারণে সাময়িক অসুবিধার জন্য তিনি দুঃখ প্রকাশ করেন। মেয়র আ জ ম নাছির উদ্দীন আগামী ১ মাসের মধ্যে ৪টি ব্রিজ ও সড়ক নির্মাণ কাজ সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান ও চসিকের প্রকৌশল বিভাগকে নির্দেশ দেন। এ সময় ৩৫নং ওয়ার্ড কাউন্সিলর হাজী নুরুল হক, সাবেক কাউন্সিলর হাজী জামাল হোসেন, চসিকের জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম সহ স্থানীয় ব্যবসায়ী ও গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

২২ জুলাই ২০১৭ খ্রি.

নগরীর ৪১ টি ওয়ার্ডে মাস ব্যাপী চলবে বৃক্ষরোপন অভিযান
৪০ নং ওয়ার্ডে বৃক্ষরোপন অভিযান শুভ উদ্বোধন করলেন
মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন পরিবেশ উন্নয়নে ও নগরীকে গ্রীণ সিটিতে রুপান্তরে তার ভিশন ও পরিকল্পনা তুলে ধরে প্রিয় নবীজীর বাণী থেকে উদ্বৃতি দিয়ে বলেন, কোন মুসলমান শষ্যের বীজ বপন করিলে কোন মানুষ বা পশু পাখি খায়, এমনকি যদি চোরে চুরি করিয়াও নিয়ে যায় তবে ঐ বাগানওয়ালা এবং ক্ষেতওয়ালা ছদগার সওয়াব পাইবে' । মেয়র বলেন, বনজ, ফলজ ও ঔষধী বৃক্ষ মানবজীবনে আল্লাহর অফুরন্ত দান। বিশ্বের জলবায়ু পরিবর্তনের এ যুগে ঘূর্ণিঝড়, জ্বলোচ্ছাস, ভূমিকম্প সহ প্রাকৃতিক দুর্যোগ থেকে বাঁচার জন্য পৃথিবীকে বাসোপযোগী করার জন্যই বৃক্ষরোপন করতে হবে। এ প্রসঙ্গে মেয়র বলেন, আগামী এক বছরের মধ্যে নগরীকে সবুজ বেষ্টনির মধ্যে আনা হবে। সড়ক, দীপ, ফুটপাত, গোলচত্বর, যাবতীয় অফিস আদালত, সরকারি বেসরকারি স্থাপনা, লন, আঙ্গিনা সর্বত্র পরিকল্পিত সবুজায়নে ঢেকে দেয়ার কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। এ কর্মসূচি সফল হওয়ার মধ্য দিয়ে নগরীকে প্রকৃত অর্থে গ্রীণ সিটিতে উন্নীত করা হবে। আধুনিক প্রযুক্তি ও মনোরম সবুজে সাঁজবে চট্টগ্রাম। নগরীর ৬০ লক্ষ মানুষের মনকে সতেজ ও সবুজ দেখতে চান। তিনি সুন্দর পরিবেশে নগরীকে সাজাতে চান। তাঁর ক্লিন ও গ্রীণ সিটির পরিকল্পনা বাস্তবায়নে নগরবাসীর সার্বিক সহযোগিতা কামনা করে বলেন, এ বছর প্রতিটি ওয়ার্ডে ৫ হাজার করে বৃক্ষরোপন টার্গেট নির্ধারণ করা হয়েছে। তিনি আরো বলেন, বর্জ্য ব্যবস্থাপনায় নতুন দিগন্ত উন্মোচিত হয়েছে। ১ আগষ্ট ২০১৬ খ্রি. থেকে নগরীতে ডোর টু ডোর আবর্জনা সংগ্রহ ও ডাম্পিং কার্যক্রম চলছে। এ লক্ষে প্রয়োজনীয় জনবল নিয়োগ দেয়া হয়েছে, আবর্জনা সংগ্রহে ভ্যানগাড়ী ও বিন সরবরাহ করা হয়েছে, নগরবাসীর সহযোগিতায় পরিচ্ছন্ন কার্যক্রম সফলতার দিকে এগিয়ে যাচ্ছে। তিনি পরিচ্ছন্ন চট্টগ্রামের স্বার্থে সকলকে বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রমে সহযোগী হওয়ার আহবান জানান। অনুষ্ঠানে মেয়র বিভিন্ন শিক্ষার্থী,পেশাজীবি ও স্থানীয়দের মাঝে গাছের চারা বিতরণ করেন। জাতীয় বৃক্ষরোপন কর্মসূচির অংশ হিসেবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত মাসব্যাপী কর্মসূচি ২২ জুলাই ২০১৭ খ্রি. শনিবার, বিকেলে নগরীর উত্তর

পতেঙ্গা ৪০ নং ওয়ার্ডে এম আজিজ উদ্যানে অনুষ্ঠিত বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ সব কথা বলেন।

উল্লেখ্য যে, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বর্তমান মেয়র আ জ ম নাছির উদ্দীন দায়িত্ব গ্রহণের পর থেকে ৩য় বারের মত নগরীর ৪১ টি ওয়ার্ডে বৃক্ষরোপন অভিযান পরিচালনা করছেন। ২০১৫ খ্রি. থেকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র এ উদ্যোগ গ্রহণ করেন। বৃক্ষ রোপন অভিযানকে নগরবাসীর ডোর টু ডোর কার্যকর করার অভিপ্রায়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের এ উদ্যোগ।

চসিক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান ও ওয়ার্ড কার্যালয় এর মাধ্যমে মাসব্যাপী এ কার্যক্রম অব্যাহত থাকবে। তিনি এম এ আজিজ উদ্যানে বৃক্ষের চারা রোপন করে এবং চারা বিতরণ এর মাধ্যমে মাসব্যাপী বৃক্ষরোপন কর্মসূচির শুভ সূচনা করলেন। ডোর টু ডোর বৃক্ষের চারা পৌঁছে দেয়া এবং বৃক্ষরোপনে উৎসাহিত করার প্রয়াসে অনুষ্ঠিত সুধি সমাবেশে সভাপতিত্ব করেন চসিক ৫ম সাধারণ পরিষদের পরিবেশ উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ২৯ নং ওয়ার্ড কাউন্সিলর গোলাম মোহাম্মদ জোবায়ের। এতে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। বিশেষ অতিথি ছিলেন শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও কাউন্সিলর নাজমুল হক ডিউক, চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, চট্টগ্রাম অঞ্চলের বন সংরক্ষক জগলুল হোসেন, চসিক সচিব মো. আবুল হোসেন। স্বাগত বক্তব্য রাখেন ৪০নং ওয়ার্ড কাউন্সিলর ও পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটির সদস্য হাজী জয়নাল আবদীন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম এর উপস্থাপনায় অনুষ্ঠিত জাতীয় বৃক্ষরোপন অভিযান ২০১৭ এর উদ্বোধনী অনুষ্ঠানের সুধীসমাবেশে আরো উপস্থিত ছিলেন চট্টগ্রাম মহানগর আওয়ামী-লীগের সদস্য কামরুল হাসান বুলু, রোটারিয়ান মো. ইলিয়াছ, হাজী ওমর ফারুক, শাহাদাত হাসান সহ অন্যরা। বৃক্ষ রোপন অভিযানের এবারের শ্লোগান ছিল ‘সবুজ ভালবাসুন, বেশি করে গাছ লাগান’ । বৃক্ষরোপন কর্মসূচি উদ্বোধনী অনুষ্ঠানে নারিকেল গাছ লাগিয়ে স্বাবলম্বি হওয়ার জন্য ৪০নং ওয়ার্ডের হাসিনার মাকে ৫ হাজার টাকা পুরস্কার প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি বৃক্ষরোপন অভিযানে সেরা স্কুলকে পুরস্কার প্রদানের ঘোষণা প্রদান করেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা